অবিলম্বে প্রকাশের জন্য: 12/18/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সতর্ক হওয়ার তাগিদ দিলেন কারণ তীব্র বাতাস এবং বজ্রপাতসহ ঝড় নিউ ইয়র্কের মধ্যে দিয়ে যাচ্ছে

পুরো স্টেটের অনেক এলাকায় হাই উইন্ড ওয়ার্নিং, উইন্ড অ্যাডভাইজরি, হাই উইন্ড ওয়াচ এবং কোস্টাল ফ্লাড অ্যাডভাইজরি কার্যকর আছে

শুক্রবারের যাতায়াত দমকা বাতাস এবং বরফে ঢাকা রাস্তার কারণে প্রভাবিত হতে পারে; ভ্রমণের সময় হাতে বাড়তি সময় রাখুন

নিউ ইয়র্কবাসীরা 333111 নম্বরে টেক্সট করে আবহাওয়া এবং জরুরি সতর্কতার জন্য সাইন আপ করতে পারেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে নিউ ইয়র্কবাসীকে একটি ঝড়ের সিস্টেমকে সামনে রেখে সতর্ক হওয়ার তাগিদ দিয়েছেন যা আজকে রাত থেকে শুরু করে শুক্রবার দুপুর পর্যন্ত স্টেটে অনেক বেশি বৃষ্টি এবং সম্ভবত বজ্রপাতসহ ঝড়, তীব্র বাতাস এবং উপকূলীয় বন্যা নিয়ে আসবে। স্থানীয় আর্বান এবং নদীর বন্যা সম্ভব এবং ঝড়ের পরের ঠাণ্ডা বাতাসের কারণে রাস্তা তুষার এবং বরফে ঢাকা পড়তে পারে। ভ্রমণের অবস্থা শুক্রবার বিপজ্জনক হবে এবং বৃহস্পতিবার রাত থেকে শুক্রবার সকাল পর্যন্ত বাতাসের কারণে কারেন্ট চলে যেতে পারে এবং গাছের ক্ষতি পারে। নিউ ইয়র্কবাসীদের উচিত নিরাপদে ভ্রমণ করা এবং গন্তব্যে পৌঁছানোর জন্য নিজেদের হাতে বাড়তি সময় রাখা, বিশেষ করে শুক্রবার।

"নিউ ইয়র্কবাসীদের কাছে খারাপ আবহাওয়া নতুন কিছু না, কিন্তু সঠিকভাবে পরিকল্পনা করার জন্য পূর্বাভাস সম্পর্কে জেনে রাখা সবসময় গুরুত্বপূর্ণ," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমরা ছুটির ভ্রমণের জন্য তৈরি হচ্ছি, তাই নিউ ইয়র্কবাসীদের নিশ্চিত করতে হবে তাদের গাড়িতে যাতে ফার্স্ট এইড কিট এবং বেলচা, বাড়তি গরম কাপড়, কম্বল এবং পানির মতো নিরাপত্তা সরঞ্জাম রাখা থাকে এবং প্রস্তুত থাকে। উইকেন্ড আসতে যাচ্ছে তাই ধীরে গাড়ি চালান এবং নিরাপদে থাকুন।"

বৃহস্পতিবার সন্ধ্যার শেষের দিকে ওয়েস্টার্ন নিউ ইয়র্কে (Western New York) বৃষ্টি শুরু হবে এবং তা সারা রাত স্টেটের অনেক জায়গায় ছড়িয়ে পড়বে। স্টেটের ইস্টার্ন পার্টগুলিতে শুক্রবার ভোরের দিকে সবথেকে বেশি বৃষ্টি হবে বলে ধারণা করা হচ্ছে এবং বৃষ্টিপাতের হার এক ইঞ্চি পর্যন্ত হতে পারে, এবং বজ্রপাতসহ ঝড় বিকালের প্রথম অংশ পর্যন্ত সম্ভব হতে পারে। স্টেটের ওয়েস্টার্ন অর্ধেকে, মোট বৃষ্টিপাত 0.25 থেকে 0.75 ইঞ্চির মধ্যে হবে বলে ধারণা করা হচ্ছে এবং

কিছু কিছু এলাকায় এই পরিমাণ এক ইঞ্চি হতে পারে। স্টেটের ইস্টার্ন অর্ধেকে 0.50 থেকে এক ইঞ্চি মোট বৃষ্টিপাত হবে বলে ধারণা করা হচ্ছে, এবং কিছু কিছু এলাকায় মোট দুই ইঞ্চি পর্যন্ত হতে পারে।

বজ্রপাতসহ ঝড়ের সম্ভাবনার পাশাপাশি, পুরো স্টেটে ঘণ্টায় 40 থেকে 50 মাইল বেগের অনেক বেশি দমকা বাতাসসহ তীব্র বাতাসের সম্ভাবনা আছে, এবং কিছু কিছু স্থানে বাতাসের বেগ ঘণ্টায় 65 মাইল পর্যন্ত হতে পারে। বৃহস্পতিবার দক্ষিণ থেকে আসা বাতাস সরে গিয়ে শুক্রবার পশ্চিম থেকে আসবে। ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, মিড-হাডসন (Mid-Hudson) অঞ্চলের কিছু অংশে, এবং লং আইল্যান্ডে (Long Island) সবথেকে বেশি বাতাস থাকবে।

পাশাপাশি, ঝড়ের সিস্টেম শেষ হলে তা আরো বেশি ঠাণ্ডা বাতাস নিয়ে আসবে যার ফলে গ্রেট লেকসের (Great Lakes) পূর্বে এবং উঁচু জায়গায় শুক্রবার সকাল থেকে শুক্রবার রাত পর্যন্ত বৃষ্টি তুষারে পরিণত হবে। পুরো ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রিতে (North Country) এক থেকে তিন ইঞ্চি তুষারপাতের ধারণা করা হচ্ছে এবং কিছু কিছু স্থানে তা 8 ইঞ্চি পর্যন্ত হওয়া সম্ভব। শুক্রবার সকালে তুষার ভারী এবং ভেজা হতে পারে এবং এর ফলে উপড়ে পড়া গাছ এবং কারেন্ট চলে যাওয়ার দুশ্চিন্তা বাড়তে পারে।

এই অবস্থার কারণে এছাড়াও ভ্রমণের ক্ষেত্রে বিপজ্জনক পরিস্থিতি তৈরি হতে পারে। ঠাণ্ডা বাতাসের কারণে এছাড়াও শুক্রবার সন্ধ্যার যাতায়াতের সময় ভেজা রাস্তা হঠাৎ জমে যেতে পারে যার ফলে ব্ল্যাক আইস এবং পিছলা রাস্তা তৈরি হওয়ার সম্ভাবনা আছে।

বৃষ্টি এবং বাতাসের জন্য প্রস্তুত হওয়ার পাশাপাশি, নিউ ইয়র্কবাসীদের এছাড়াও বেশি ঠাণ্ডা আবহাওয়া এবং শীতকালের কর্মকাণ্ডের ফলাফলের ফলে যে বিপদ হতে পারে তার জন্য প্রস্তুত ও সুরক্ষিত থাকা উচিত। স্টেটের নিয়মকানুনের অধীনে, তাপমাত্রা এবং ঠাণ্ডা বাতাস যখনই 32 ডিগ্রির কম হয়, তখন একটি কোড ব্লু (Code Blue) অটোমেটিকভাবে কার্যকর হয়। গৃহহীনতায় ভুগতে থাকা ব্যক্তিদের কাছে যাতে শেল্টারের অ্যাক্সেস থাকে এবং শেল্টারের সময় বাড়িয়ে দেওয়া হয় তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া স্থানীয় সোশ্যাল সার্ভিসেস ডিসট্রিক্টগুলির জন্য আইনত বাধ্যতামূলক। নিউ ইয়র্কবাসীদের এছাড়াও ডিপার্টমেন্ট অফ হেলথের (Department of Health) দেওয়া ঠাণ্ডা আবহাওয়ার পরামর্শ;, ফ্রস্টবাইট ও হাইপোথার্মিয়া প্রতিরোধ; কার্বন মনোক্সাইড বিষক্রিয়ার তথ্য; জেনারেটরের সঠিক ব্যবহার; এবং শীতকালে নিরাপদে গাড়ি চালানোর পরামর্শ দেখা উচিত।

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ লেবার (Department of Labor) কর্মী এবং চাকরিদাতাদেরকে ভীষণ ঠাণ্ডা আবহাওয়ার সেরা প্র্যাকটিসগুলি করার পরামর্শ দিয়েছে যেমন:

- ঘরের বাইরের কাজ সীমিত করা, গরম এলাকায় ঘনঘন বিরতি দেওয়া এবং দিনের সবথেকে গরম সময়ে ঘরের বাইরের কাজ করার শিডিউল স্থির করা।
- পরিষ্কার খাওয়ার পানির অ্যাক্সেস নিশ্চিত করা।
- গরম পানীয় দিয়ে হাইড্রেটেড থাকা এবং ক্যাফেইন পান করা এড়িয়ে চলা।
- যথাযথ PPE পড়া, যার মধ্যে কমপক্ষে তিন লেয়ারের কাপড়, গ্লাভস বা মিটেন্স, ভারী মোজা, ইনসুলেটেড জুতা এবং একটি টুপি, হুড বা হার্ড হ্যাট লাইনার থাকবে।

ঠাণ্ডা আবহাওয়ায় কাজ করার সেরা প্র্যাকটিস সম্পর্কে আরো তথ্য পাওয়া যাবে এখানে।

হাই উইন্ড ওয়ার্নিং (High Wind Warnings), উইন্ড অ্যাডভাইজরি (Wind Advisories), হাই উইন্ড ওয়াচ (High Wind Watches) এবং কোস্টাল ফ্লাড অ্যাডভাইজরি (Coastal Flood Advisories) জারি করা হয়েছে এবং নিউ ইয়র্কবাসীদেরকে তাদের স্থানীয় পূর্বাভাসের উপর ভালো করে নজর রাখা এবং ন্যাশনাল ওয়েদার সার্ভিসের (National Weather Service) জারি করা আপডেট দেখা উচিত। আবহাওয়ার সতর্কতার একটি সম্পূর্ণ তালিকা দেখার জন্য ন্যাশনাল ওয়েদার সার্ভিসের ওয়েবসাইট ভিজিট করুন।

নিউ ইয়র্কবাসীদের উচিত তাদের মোবাইল ফোনে সরকারি জরুরি সতর্কতা চালু আছে কিনা তা নিশ্চিত করা। তাদের উচিত তাদের কাউন্টি অথবা বরোর নাম 333111 নম্বরে টেক্সট করে তাদের ফোনে বর্তমান আবহাওয়া ও জরুরি সতর্কতা পাওয়ার জন্য সাইন আপ করা।

এজেন্সির প্রস্তুতি

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)
ডিভিশনের অফিস অফ ইমার্জেন্সি ম্যানেজমেন্ট (Office of Emergency Management) তাদের স্থানীয় কাউন্টারপার্টের সাথে যোগাযোগ রেখেছে এবং সাহায্যের যেকোনো স্থানীয় অনুরোধের সাড়াদান করতে তৈরি আছে। স্টেটের মজুদসমূহ প্রয়োজন অনুযায়ী জরুরি সাড়াদানের সম্পদ এবং সাপ্লাই মোতায়েন করতে প্রস্তুত। স্টেট ওয়াচ সেন্টার (State Watch Center), নিউ ইয়র্কের 24/7 সতর্কতা ও ওয়ার্নিং কেন্দ্র, ঝড়ের পথ এবং পুরো স্টেটে এর প্রভাবের উপর নজর রাখছে।

পরিবহন বিভাগ (Department of Transportation)
স্টেটের ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন আবহাওয়ার পরিস্থিতি মনিটর করছে এবং 3,605 জন সুপারভাইজার ও অপারেটরদের নিয়ে পুরো স্টেটে সাড়াদানের জন্য প্রস্তুত আছে। আঞ্চলিক কর্মীরা বর্তমানে অনেক প্রস্তুতি এবং সাড়াদানের কর্মকাণ্ডে নিয়োজিত আছেন।

হাতে থাকা সব সরঞ্জাম মোতায়েনের জন্য প্রস্তুত আছে। স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 1,618টি লার্জ প্লাউ ট্রাক
- 342টি লার্জ লোডার
- 148টি মিডিয়াম ডিউটি প্লাউ
- 87টি ট্র্যাক করা এবং চাকাযুক্ত এক্সক্যাভেটর
- 54টি টো প্লাউ
- 36টি স্নো ব্লোয়ার
- 30টি ট্রাফিক টাওয়ার প্লাটফর্ম
- 20টি গ্রেডার

- 18টি ট্র্যাফিক বাকেট ট্রাক
- 11টি ট্রি ক্রু বাকেট ট্রাক

রিয়েল টাইমে যাত্রার তথ্য পাওয়ার জন্য গাড়ির চালকেরা 511 নম্বরে ফোন করতে বা www.511NY.org বা মোবাইল সাইট m.511ny.org ভিজিট করতে পারবেন, এটি নিউ ইয়র্ক স্টেটের ট্র্যাফিক ও ভ্রমণ তথ্যের অফিসিয়াল উৎস।

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)
থ্রুওয়ে অথোরিটি পূর্বাভাস ভালো করে মনিটর করছে এবং আবহাওয়া সম্পর্কিত যেকোনো ইভেন্টে সাড়াদান করতে প্রস্তুত আছে। থ্রুওয়ে-তে গাড়ির চালকদেরকে আবহাওয়ার অবস্থা সম্পর্কে সতর্ক করতে ভ্যারিয়েবল মেসেজ সাইন (Variable Message Signs) এবং সোশ্যাল মিডিয়া (X এবং Facebook) ব্যবহার করা হয়।

থ্রুওয়ে অথোরিটি তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে গাড়ির চালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য ফ্রি পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্র্যাফিক তথ্য, লাইভ ট্র্যাফিক ক্যামেরা, ও ন্যাভিগেশনের সাহায্য দিয়ে থাকে। এছাড়াও গাড়ির চালকেরা TRANSalert ইমেইলের জন্য সাইন আপ করতে পারেন এবং থ্রুওয়ে-তে সর্বশেষ ট্র্যাফিক অবস্থা সম্পর্কে জানতে X-এ @ThruwayTraffic-কে ফলো করতে পারেন।

জনসেবার বিভাগ (Department of Public Service)
NYS ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিস ইলেকট্রিক ইউটিলিটিগুলির তীব্র বাতাস ও বৃষ্টিপাতের জন্য প্রস্তুতির পুরো সময় তাদের নিয়ন্ত্রণ করতে জড়িত হয়েছে। ইউটিলিটিগুলি প্রেস রিলিজ, সোশ্যাল মিডিয়া, এবং লাইফ সাপোর্ট সরঞ্জাম এবং অতি গুরুত্বপূর্ণ ফ্যাসিলিটির কাস্টোমারদের ফোন করে সক্রিয় কাস্টোমার আউটরিচ শুরু করেছে যাতে নিরাপত্তা তথ্য দেওয়া যায় এবং কাস্টোমারদের প্রস্তুত থাকতে উৎসাহিত করা যায়। পাশাপাশি, যে এলাকাগুলি আবহাওয়ার কারণে সবথেকে বেশি প্রভাবিত হবে বলে বর্তমানে পূর্বাভাস আছে সেই এলাকার ইউটিলিটিগুলি জরুরি ব্যবস্থাপনা, কাউন্টি, এবং মিউনিসিপ্যাল অফিসিয়ালদের জন্য আউটরিচ করেছে যাতে সচেতন করা যায়। নিয়ন্ত্রিত ইলেকট্রিক ইউটিলিটিগুলি বর্তমানে পুরো স্টেটে 6,440 জন কর্মীকে মেরামত ও পুনঃস্থাপন কাজের জন্য প্রস্তুত রেখেছে, যার মধ্যে নিচের 940 জন বাড়তি কন্ট্রাক্টর আছেন: ন্যাশনাল গ্রিড (National Grid) তাদের আপস্টেট অঞ্চল থেকে 310 জন্য এক্সটারনাল কর্মীকে নিয়োগ দিয়েছে এবং NYSEG/RG&E 630 জন এক্সটারনাল কর্মীকে নিয়োগ দিয়েছে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)
নিউ ইয়র্কের স্টেট পুলিশ পূর্বাভাসের উপর ভালো করে নজর রেখেছে এবং স্টেটে যেহেতু আশঙ্কা অনুযায়ী আবহাওয়া চলে আসছে তাই ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস, ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন, থ্রুওয়ে অথোরিটি, ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন, পার্কস (Parks), এবং আমাদের স্থানীয় পার্টনারদের সাথে সমন্বয় করছে। ট্রুপার এবং বিশেষায়িত ইউনিটগুলি তৈরি আছেন এবং পুরো অঞ্চলে যেকোনো আবহাওয়া সম্পর্কিত জরুরি অবস্থায় সাড়াদানের জন্য, গাড়ির চালকদের সাহায্য

করার জন্য, এবং পরিস্থিতি খারাপ হলে স্থানীয় কমিউনিটিগুলিকে সমর্থন করার জন্য প্রস্তুত আছেন।

জননিরাপত্তা আমাদের অগ্রাধিকার, এবং এই আবহাওয়ার ঘটনার সময় জনগণকে সুরক্ষিত রাখতে আমরা প্রয়োজনমত কর্মী এবং রিসোর্সকে ব্যবহার করতে থাকবো। জরুরি দরকারের সময় 911 নম্বরে ফোন করুন।

ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন (Department of Environmental Conservation, DEC)

ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (DEC) ইমার্জেন্সি ম্যানেজমেন্ট কর্মী, কনজার্ভেশন পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স এবং আঞ্চলিক কর্মীরা সতর্ক থাকবেন এবং আবহাওয়ায় পরিস্থিতির উপর নজর রাখবেন। তীব্র বাতাস, ভারী বৃষ্টিপাত, এবং তুষার ও বরফের কারণে যেসব প্রভাবের সম্ভাবনা আছে তার প্রস্তুতিতে টার্গেট করা এলাকাগুলিতে ব্যবহারের জন্য হাতে থাকা সকল সম্পদের রিসোর্স, যার মধ্যে ফার্স্ট রেসপন্ডার আছে, তা মোতায়েন করাকে সমন্বয় করতে পার্টনার এজেন্সিগুলির সাথে কাজ করে DEC প্রস্তুত আছে।

DEC তুষার সরানো ও ফেলে দেওয়ার দায়িত্ব পাওয়া ব্যক্তিদের মনে করিয়ে দিচ্ছে তারা যাতে বন্যা প্রতিরোধ করতে এবং পানির মানকে লবণ, বালি, তেল, আবর্জনা এবং অন্যান্য রাবিশের মতো দূষণকারী পদার্থ দিয়ে প্রভাবিত হওয়ার সম্ভাবনা কম করতে সাহায্য করার জন্য ব্যবস্থাপনার সেরা প্র্যাকটিস মেনে চলেন। স্থানীয় খাঁড়ি ও ঝর্ণায় বরফ ফেলার কারণে বরফের বাঁধ তৈরি হতে পারে, যার ফলে বন্যা হতে পারে। সরকারি ও বেসরকারি তুষার অপসারণ অপারেটরদেরকে শীতকালীন ঝড় চলাকালীন ও পরবর্তী এইসব নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অবগত থাকতে হবে। ডিভিশন অফ ওয়াটার টেকনিক্যাল অ্যান্ড অপারেশনাল গাইডেন্স সিরিজ: স্নো ডিস্পোজালে (Division of Water Technical and Operational Guidance Series: (Snow Disposal) আরো তথ্য পাওয়া যাবে।

DEC স্থানীয় কর্মকর্তাদেরকে নিজেদের সম্প্রদায়তে সম্ভাব্য বন্যার ব্যাপারে নজর রাখার কথা মনে করিয়ে দিচ্ছে। মিউনিসিপ্যালিটিগুলিকে বন্যাপ্রবণ এলাকায় স্থানীয় মূল্যায়ন করতে এবং জমে থাকা ধ্বংসাবশেষ সরিয়ে ফেলার জন্য উৎসাহিত করা হচ্ছে। রাবিশ অপসারণ করতে DEC-র অনুমতি ও অনুমোদনের প্রয়োজন হবে না যদি না রাবিশ অপসারণের ফলে বা ভারী সরঞ্জাম ব্যবহারে ফলে ঝর্ণার তীর বা তলদেশ ক্ষতিগ্রস্ত হয়।

কোনো সহায়তা দরকার হলে বা পারমিট প্রয়োজন কিনা তা নির্ণয় করতে সাহায্যের জন্য মিউনিসিপ্যালিটি এবং স্থানীয় সরকারকে DEC-এর রিজিওনাল পারমিট অ্যাডমিনিস্ট্রেটরদের (Regional Permit Administrators) সাথে যোগাযোগ করার পরামর্শ দেওয়া হচ্ছে। DEC প্রজেক্টের অনুমোদন তাড়াতাড়ি পাওয়ার জন্য আলাদা একক পারমিটের পরিবর্তে জরুরি অনুমোদন (Emergency Authorizations) ব্যবহার করতে পারবে। জীবন, স্বাস্থ্য, জনকল্যাণ, সম্পদ, বা প্রাকৃতিক সম্পদ তাৎক্ষণিকভাবে রক্ষার জন্য জরুরি পরিস্থিতি মনে হলে DEC জরুরি অনুমোদন প্রদান করে।

হাইকিং নিরাপত্তা

অ্যাডিরন্ড্যাকস (Adirondacks), ক্যাটস্কিল (Catskills) ও অন্যান্য ব্যাককান্ট্রি এলাকায় অপ্রত্যাশিত শীতকালীন আবহাওয়া ও ঝড়ের কারণে অনেক ধরণের বিপজ্জনক পরিস্থিতি তৈরি হতে পারে। বেড়াতে যাওয়া মানুষের উচিত তুষার, বরফ ঠাণ্ডার জন্য যথাযথ পোশাক ও সরঞ্জাম নিয়ে তৈরি থাকা যাতে একটি নিরাপদ শীতের অভিজ্ঞতা নিশ্চিত করা যায়। অ্যাডিরন্ড্যাকে তুষারের গভীরতার মধ্যে অনেক পার্থক্য থাকতে পারে, হাই পিকস (High Peaks) অঞ্চলের উঁচু জায়গায় এবং 3,000 ফুটের বেশি অন্যান্য পাহাড়ে সবথেকে গভীর তুষার পড়বে। কম উঁচু ট্রেইলে তুষার, বরফ, এবং স্লাশের মিশ্রিত অবস্থা থাকবে, যেমন ক্যাটস্কিল মাউন্টেনসের (Catskill Mountains) অনেক ট্রেইল যেখানে বরফের ট্রেইলের অবস্থা থাকা সম্ভব।

যারা ব্যাককান্ট্রিতে বেড়াতে যাবেন তাদের স্মার্টভাবে হাইক করা (Hike Smart) উচিত এবং যথাযথ নিরাপত্তা গাইডলাইন মেনে চলা উচিত। ভেবেচিন্তে ভ্রমণের পরিকল্পনা করুন। জরুরি প্রয়োজনে, 9-1-1 নম্বরে ফোন করুন। ফরেস্ট রেঞ্জার সহায়তা অনুরোধ করার জন্য, 1-833-NYS-RANGERS নম্বরে ফোন করুন।

যদিও কোনো কোনো জলপথ জমে গেছে বলে মনে হতে পারে, তবে সেদিকে যাওয়ার আগে বরফের নিরাপত্তা সম্পর্কিত গাইডলাইন দেখার জন্য DEC প্রকৃতিপ্রেমীদেরকে পরামর্শ দিচ্ছে।

হাইকারদের সাময়িকভাবে বেশি উচ্চতার ট্রেইলের, এবং সেই সাথে নদী এবং স্রোত পারাপারের ট্রেইলগুলি এড়ানোর পরামর্শ দেওয়া হচ্ছে। ট্রেইলের পরিস্থিতি, মৌসুমী রাস্তা বন্ধ, এবং সাধারণ বিনোদন তথ্য সম্পর্কে সর্বশেষ খবরের জন্য অ্যাডিরন্ড্যাকের হাইকারদের অ্যাডিরন্ড্যাক ব্যাককান্ট্রি ইনফরমেশন (Adirondack Backcountry Information) ওয়েবপেজ ভিজিট করতে উৎসাহিত করা যাচ্ছে।

অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশন (Office of Parks, Recreation and Historic Preservation)
নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। প্রতিক্রিয়া সরঞ্জাম প্রসার করা হচ্ছে, পরীক্ষিত এবং ঝড় প্রতিক্রিয়া ব্যবহারের জন্য প্রস্তুত করা হচ্ছে। পার্কের সময়, খোলা এবং বন্ধের বিষয়ে সর্বশেষ আপডেটের জন্য পার্কের ভিজিটরদের parks.ny.gov ভিজিট করতে হবে, বিনামূল্যে NY State Parks Explorer মোবাইল অ্যাপ দেখতে হবে অথবা তাদের স্থানীয় পার্ক অফিসে ফোন করতে হবে।

শীতকালে নিরাপদে গাড়ি চালানোর পরামর্শ

- আপনার স্থানীয় এলাকা এবং আপনি যে এলাকায় ভ্রমণ করছেন তার জন্য পূর্বাভাস মনিটর করুন।
- অপ্রয়োজনীয় ভ্রমণ এড়িয়ে চলুন।
- যদি আপনাকে ভ্রমণ করতেই হয়, আপনার গাড়িতে জীবন-রক্ষাকারী সরঞ্জাম যেমন কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও বাড়তি ব্যাটারি, বাড়তি গরম পোশাক, টায়ার চেইনের সেট, ব্যাটারির বুস্টার ক্যাবল, দ্রুত শক্তিদায়ক খাবার এবং বিপদ সংকেত দেয়ার জন্য ব্যবহারের উদ্দেশ্যে উজ্জ্বল রঙের কাপড়ের টুকরা রয়েছে তা নিশ্চিত করুন।

- যদি আপনার কাছে ব্যবহারের জন্য সেল ফোন অথবা অন্যান্য যোগাযোগের ডিভাইস যেমন টু-ওয়ে রেডিও থাকে, তাহলে ব্যাটারিতে চার্জ দিয়ে রাখুন এবং কোথাও যাওয়ার সময় সেটি আপনার সাথে রাখুন। যদি আপনি হারিয়ে যান, সাহায্যের জন্য কল করে উদ্ধারকারীদেরকে আপনার লোকেশন জানাতে পারবেন।
- শীতকালীন সময়ে মৃত্যু ও আঘাতপ্রাপ্তির শীর্ষ কারণ হলো পরিবহনজনিত দুর্ঘটনা। গাড়িতে চলাচল করার আগে আপনার যানবাহন বরফ ও তুষার থেকে মুক্ত আছে তা নিশ্চিত করে নিন; ভালোভাবে দৃষ্টিগোচর হওয়াটা ভালোভাবে গাড়ি চালানোর মূল চাবিকাঠি। আপনার থামার স্থানগুলো সম্পর্কে পরিকল্পনা করে রাখুন এবং গাড়িগুলোর মধ্যে আরো বেশি দূরত্ব রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে তুষারকণা ছোট শিশুদেরকে আড়াল করে দিতে পারে। সবসময় সড়ক ও আবহাওয়ার অবস্থার সঙ্গে আপনার গতির মিল রাখুন।
- সব রাস্তায় গাড়ির চালকদের খেয়াল রাখতে হবে যে স্নোপ্লাউ ঘণ্টায় 35 মাইল গতিতে চলে, যা অনেক জায়গার লিখে রাখা স্পিড লিমিটের থেকে কম হয়।
- প্রায়ই ইন্টারস্টেট হাইওয়েতে একের বেশি স্নোপ্লাউ পাশাপাশি চালানো হয়, যাতে একাধিক লেন একসাথে নিরাপদে পরিষ্কার করা যায়।
- গাড়ি চালক ও পথচারীদেরকেও খেয়াল রাখতে হবে যে স্নো-প্লাউ চালকদের দৃষ্টিগোচরতা সীমিত থাকে, এবং স্নো-প্লাউ এর আকার ও ওজন সেটিকে দ্রুত সরানো ও বন্ধ করা কঠিন করে তুলতে পারে। প্লাউয়ের পেছনে যে তুষার উড়তে থাকে তার কারণে অনেক কম দেখা যেতে পারে বা হোয়াইটআউট অবস্থা হতে পারে।
- গাড়ির চালকদের স্নোপ্লাউকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা না করা বা অনেক কাছ থেকে ফলো না করা উচিত। গাড়ি চালকদের জন্য গাড়ি চালানোর জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হলো স্নো-প্লাউ এর বেশ পিছনে যেখানে সড়কপথ পরিষ্কার রয়েছে ও লবণ ছিটানো হয়েছে। কখনোই সচল থাকা একটি স্নোপ্লাউয়ের পাশ কাটানোর চেষ্টা করবেন না।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন